

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।

স্মারক নং-৪৭.৬১.৭৯৯০.০০০.৩২.০০৭.২০.

তারিখঃ

৩০/০৬/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ইন্দুরকানী উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতি লিঃ (সকল) এর ২০২০-২০২১ সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ জেলা সমবায় অফিসার, পিরোজপুর মহোদয়ের ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখের ৬৯৪ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইন্দুরকানী উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতি লিঃ (সকল) এর ২০২০-২০২১ সনের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম নিম্ন স্বাক্ষরকারী অডিট অফিসার কর্তৃক গত ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখ হইতে আরম্ভ করা হবে এবং নিরীক্ষা সম্পাদন না হওয়া পর্যন্ত বিভিন্ন দিন ও সময়ে নিরীক্ষা কার্যক্রম অব্যাহত/চালু থাকবে। ইন্দুরকানী উপজেলাধীন সকল প্রাথমিক সমিতির নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও অব্যাহত রাখার স্বার্থে আপনার সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানসহ নিম্নোক্ত ০১নং ক্রমিকে বর্ণিত উল্লেখিত হিসাব বিবরণী সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৫৭, ৯৯ ও ১০৬ সম্পৃক্ত নিবন্ধক মহোদয়ের নির্দেশিত সমবায় সমিতির নিরীক্ষা ম্যানুয়াল অনুযায়ী প্রস্তুত করে নিরীক্ষা আরম্ভের নির্ধারিত তারিখের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে এবং অন্যান্য রেকর্ডপত্র নিরীক্ষাকালীন সময়ের মধ্যে চাহিবা মাত্র উপস্থাপন/সরবরাহ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ১। সমিতির আর্থিক বছরের খসড়া হিসাব সমূহ (রেওয়ামিল, উদ্বৃত্তপত্র, লাভ-ক্ষতি ও নগদ প্রবাহ বিবরণী)
- ২। সমিতির হালনাগাদ লিপিবদ্ধকৃত সকল হিসাব সংশ্লিষ্ট খাতাপত্র, রেকর্ডপত্র, রশিদ ভাউচার, ক্রয় চুক্তি, ইজারা নামা, ঘর ভাড়ার যাবতীয় তথ্য, ক্রয়-বিক্রয় হিসাবসহ ও অন্যান্য অনুমোদিত নথি সমূহ।
- ৩। সমিতির বছরামেত্ন স্থিতিপত্রে প্রদর্শিত সকল দেনা ও পাওনার বিসত্মারিত তালিকা এবং ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখের প্রতিটি ব্যাংক হিসাবের ব্যাংক স্থিতিসহ ব্যাংক স্টেটমেন্ট।
- ৪। প্রতিটি দফাওয়ারী হিসাবের খাতের অনুকূলে প্রণীত পরিপূর্ণ সিডিউল।
- ৫। প্রযোজ্য ক্ষেত্রে নিরীক্ষা চলাকালীন সময় চাহিত অন্যান্য রেকর্ড পত্র/হিসাব বিবরণী/নথি ও কাগজ পত্র/ডকুমেন্ট ইত্যাদি।

এছাড়াও এর সাথে সংযোজিত নিরীক্ষা বিজ্ঞপ্তিটি অবিলম্বে জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য সংযুক্ত নমুনা মোতাবেক নিরীক্ষা বিজ্ঞপ্তি প্রকাশ করা না হলে এর দায় দায়িত্ব সমিতি ও এর কর্তৃপক্ষের উপর বর্তাবে।

সংযুক্তঃ বর্ণনামতে অডিট বিজ্ঞপ্তি - ১ পাতা।

বিতরণঃ

কার্যার্থেঃ

সভাপতি/সম্পাদক

ইন্দুরকানী উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতি লিঃ (সকল)

(মোঃ আহিদুজ্জামান খান)

অডিট অফিসার

ও

উপজেলা সমবায় অফিসার

ইন্দুরকানী, পিরোজপুর।

স্মারক নং-৪৭.৬১.৭৯৯০.০০০.৩২.০০৭.২০.

তারিখঃ

৩০/০৬/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। যুগম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
- ০২। জেলা সমবায় অফিসার, পিরোজপুর।
- ০৩। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আহিদুজ্জামান খান)

অডিট অফিসার

ও

উপজেলা সমবায় অফিসার

ইন্দুরকানী, পিরোজপুর।